

কোস্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা। ২৪ জুলাই, ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে ফাউন্ডেশনের সকল কর্মী
হতে : উপ-নির্বাহী পরিচালক
বিষয় : সকল অফিসে সিল ব্যবহার প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনারা জানেন যে, সংস্থার প্রকল্প এবং শাখা কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় সংস্থার অভ্যন্তরীণ পর্যায়ে দাতা সংস্থার এবং অডিট ফার্মের নিয়মিত নিরীক্ষার সময় আমরা স্বাক্ষরের সাথে সিল ও তারিখ না থাকায় আমরা অনাকাঙ্ক্ষিত সমস্যার সম্মুখীন হচ্ছি। এসব বিষয় বিবেচনা করে, আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য নিম্নলিখিত নির্দেশনাসমূহ আপনাদের বরাবর উপস্থাপন করা হলো।

১. বিল প্রদানের পূর্বে বিলে অবশ্যই আনুমোদিত স্বাক্ষরসহ, স্বাক্ষরকারীর সিল ও তারিখ থাকতে হবে। তারিখ অবশ্যই সিলের মাধ্যমে দিতে হবে। আনুমোদনকারীর স্বাক্ষরের উপরে **Approved By** সিল থাকতে হবে।
২. প্রতিটি বিলে অবশ্যই প্রদানকারী, পরীক্ষাকারী স্বাক্ষর সহ, স্বাক্ষরকারীর সীল ও তারিখ থাকতে হবে। তারিখ অবশ্যই সিলের মাধ্যমে দিতে হবে। প্রদানকারী ও পরীক্ষাকারী স্বাক্ষরের সাথে যথাক্রমে (**Paid By, Checked By**) সিল থাকতে হবে।
৩. সকল আবেদন (**Application**) ও চাহিদা পত্রের (**Requisition**) এবং অন্যান্য আনুমোদনের বিষয় থাকলে **Approved By**, সুপারিশের ক্ষেত্রে **Recommended By**, কোন বিল বা যন্ত্রাংশ গ্রহণ করলে **Received By** সিল থাকতে হবে। স্বাক্ষরের সাথে স্বাক্ষরকারীর সিল ও তারিখ থাকতে হবে। তারিখ অবশ্যই সিলের মাধ্যমে দিতে হবে।
৪. বিল প্রদানের ক্ষেত্রে এর ব্যতয় হলে হিসাব বিভাগ বিল প্রদান স্থগিত রাখতে পারে।
৫. একইভাবে, যে কোন অফিসিয়াল কাগজে স্বাক্ষর করলে অবশ্যই সিল ও সিলের তারিখ থাকতে হবে।
৬. অত্র সার্কুলারটির অনুবলে আগামী ৩১ আগস্ট ২০২০ তারিখের মধ্যে সকল অফিসে সিল নিশ্চিত করতে হবে। এই তারিখের পরেও যদি কোন কর্মী তা না করেন তাহলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. সার্কুলারটি আগামী ১৫ দিন পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে, কমপক্ষে ২টি সভায় আলোচনা করতে হবে।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক 24 JUL 2023

অনুলিপিঃ

নির্বাহী পরিচালক
সকল পরিচালক
অফিস কপি